সংবাদ

তারিখ 13 JUN 2007
পৃষ্ঠা ১ কলাম ৬

এক নজরে ৭ শিক্ষা বোর্ডের ফলাফল

বোর্ড	অংশগ্রহণকারী	পাসের সংখ্যা	পাসের হার
ঢাকা	২২৯২৬৩	১৩৯৪১৫	৬০.৮১
রাজশাহী	২১০৮৬৬	১২৪৭৯৬	৫৯.১৮
কুমিল্লা	৮৯৮০৩	৪২০৫১	৪৬.৮৩
যশোর	১১৬৮১২	৭১১০০	৬০.৮৭
চট্টগ্রাম	৬১[illegible]	৩৫৯০৩	৫৭.৯৪
বরিশাল	৫১১৫৮	২৫৯২০	৫০.৬৭
সিলেট	৩২৩০২	১৫২৭০	৪৭.২৭
সর্বমোট	৭৯২১৬৫	৪৫৪৪৫৫	৫৭.৩৭

সবচেয়ে বেশি পাস ঢাকায় কম কুমিল্লায়

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

চলতি বছর দেশের ৭টি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি, মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল ও কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষার ফল গতকাল মঙ্গলবার সারাদেশে একযোগে প্রকাশিত হয়েছে। এ বছর এসএসসি পরীক্ষায় ৭টি বোর্ডের গড় পাসের হার ৫৭ দশমিক ৩৭ শতাংশ। মাদ্রাসা শিক্ষা বোর্ডের পাসের হার ৬৫ দশমিক ৮৭ শতাংশ এবং কারিগরি শিক্ষা বোর্ডের পাসের হার ৫১ দশমিক ০৮ শতাংশ। তবে এসএসসিতে সবচেয়ে বেশি পাস করেছে ঢাকা বোর্ডে, কম পাস করেছে কুমিল্লায়।

এ বছর এসএসসিতে রেকর্ড সংখ্যক জিপিএ-৫

পাস : পৃষ্ঠা : ১১ ক : ৪

পাস : ঢাকায়

(১ম পৃষ্ঠার পর)

পেয়েছে শিক্ষার্থীরা। ২০০৬ সালে জিপিএ-৫ পায় ২৪ হাজার ৩৮৪ জন। এ বছর জিপিএ-৫ পেয়েছে ২৫ হাজার ৭৩২ জন। মাদ্রাসা ও কারিগরি বোর্ডসহ ৯টি বোর্ডে গত বছর জিপিএ-৫ পেয়েছিল ৩০ হাজার ৪৯০। এ বছর এ সংখ্যা হয়েছে ৩২ হাজার ৬৪৬ জন। এর মধ্যে ২০ হাজার ৭৫৯ জন ছাত্র এবং ১১ হাজার ৮৮৭ জন ছাত্রী। ৭টি শিক্ষা বোর্ডের মধ্যে সর্বোচ্চ জিপিএ-৫ পেয়েছে ঢাকা বোর্ডে। এ বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ৯ হাজার ৪৩৯ জন। রাজশাহী বোর্ডে ৬ হাজার ৯১০ জন, কুমিল্লা বোর্ডে ২ হাজার ৩৮৭ জন, যশোর বোর্ডে ২ হাজার ৩২৯ জন, চট্টগ্রাম বোর্ডে ৩ হাজার ৩১৩ জন, বরিশাল বোর্ডে ৬৪১ জন এবং সিলেট বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ৭১৩ জন। এ ছাড়া মাদ্রাসা বোর্ডে ৬ হাজার ৮৮৯ জন এবং কারিগরি বোর্ডে ২৫ জন জিপিএ-৫ পেয়েছে।

এ বছর রেকর্ড সংখ্যক জিপিএ-৫ পেলেও গত বছরের চেয়ে এ বছর ফলাফল খারাপ হয়েছে। এসএসসিতে যশোর ছাড়া বাকি ছয়টি বোর্ডের ফলাফল খারাপ হয়েছে। গতবছরের তুলনায় ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, কুমিল্লা, সিলেট ও বরিশাল বোর্ডের পাসের হার কমেছে। অন্যদিকে গত বছরের তুলনায় শুধু যশোর বোর্ডের পাসের হার বেড়েছে। ৭টি শিক্ষা বোর্ডের মধ্যে এ বছর সর্বোচ্চ পাসের হার যশোর বোর্ডে। এ বোর্ডে পাসের হার ৬০ দশমিক ৮৭ শতাংশ। গত বছর এ বোর্ডে পাসের হার ছিল ৪৮ দশমিক ১০ শতাংশ। এদিকে এ বছর সবচেয়ে কম পাস করেছে কুমিল্লা বোর্ডে। গত বছর এ বোর্ডে পাসের হার ৬৩ দশমিক ৪৫ শতাংশ থাকলেও এ বছর পাসের হার আরও কমে দাঁড়িয়েছে ৪৬ দশমিক ৮৩ শতাংশ।

গতকাল বিকেলে ঢাকা শিক্ষা বোর্ডের সম্মেলন কেন্দ্রে এক সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করা হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব একেএম আবদুল আউয়াল মজুমদার, যুগ্ম সচিব নজরুল ইসলাম খান প্রমুখ। বিকেল ৫টায় দেশের সব পরীক্ষা কেন্দ্র ও শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষার ফল প্রকাশ করা হয়। একই সময় শিক্ষা-মন্ত্রণালয় ওয়েবসাইট ও বোর্ডওয়ারী ওয়েবসাইটে ফলাফল প্রকাশ করা হয়।

এবার এসএসসি পরীক্ষায় সর্বমোট [illegible] ছিল ১০ লাখ ২৪ হাজার ৫৩৭ [illegible] ১ লাখ ৯৭ হাজার ৯৫৫ [illegible] বোর্ডে পাস [illegible] ২ [illegible] জন পরীক্ষার্থীর মধ্যে [illegible] জন। এ বোর্ডের পাসের হার ৫৯ দশমিক [illegible] শতাংশ। গত বছর এ বোর্ডে পাসের হার ছিল ৬০ দশমিক ৭১ শতাংশ। উত্তীর্ণের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৬ হাজার [illegible] জন, জিপিএ-৪.৯ থেকে ৪ পেয়েছে ২৮ হাজার ১১৮ জন, জিপিএ-৪ থেকে ৩.৫ পেয়েছে ২২ হাজার ৩৬৪ জন, ২৭ হাজার ৩৪৫ জন পেয়েছে জিপিএ-৩.৫ থেকে ৩, এ ছাড়া জিপিএ-৩ থেকে ২ পেয়েছে ৩৮ হাজার ৫১১ জন এবং জিপিএ-২ থেকে ১ পেয়েছে ৪ হাজার ৫৪৭ জন। এ বোর্ডে সর্বমোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ছিল [illegible] জন এবং ছাত্রী ছিল [illegible] জন। এর মধ্যে পাস করেছে ২৩ হাজার ৬৭৭ জন এবং ছাত্রী ৪৭ হাজার ৭৯৬ জন। এর মধ্যে ছাত্র ছিল ৫৫ হাজার ৬০০ জন এবং ছাত্রী ছিল ৪৪ হাজার ২০৩ জন। এর মধ্যে পাস করেছে ২৩ হাজার ৬৩১ জন ছাত্র এবং ১৮ হাজার ৪২০ জন ছাত্রী। ছাত্রদের পাসের হার ৫১ দশমিক ৮২ শতাংশ এবং ছাত্রীদের পাসের হার ৪১ দশমিক ৬৭ শতাংশ।

যশোর বোর্ড : এ বোর্ডে সর্বমোট ১ লাখ ১৬ হাজার ৮১২ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৭১ হাজার ১০০ জন। এ বোর্ডের পাসের হার ৬০ দশমিক ৮৭ শতাংশ। গত বছর এ বোর্ডে পাসের হার ছিল ৪৮ দশমিক ১০ শতাংশ। উত্তীর্ণের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৩২৯ জন, জিপিএ-৪.৯ থেকে ৪ পেয়েছে ১১ হাজার ১২৩ জন, জিপিএ-৪ থেকে ৩.৫ পেয়েছে ১০ হাজার ৭১৪ জন, ১৫ হাজার ৯৪৫ জন পেয়েছে জিপিএ-৩.৫ থেকে ৩। এ ছাড়া জিপিএ-৩ থেকে ২ পেয়েছে ২৮ হাজার ২৩৩ জন এবং জিপিএ-২ থেকে ১ পেয়েছে ২ হাজার ৭৫৬ জন। এ বোর্ডে সর্বমোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ছিল ৬২ হাজার ৮৭৪ জন এবং ছাত্রী ছিল ৫৩ হাজার ৯৩৮ জন। এর মধ্যে ছাত্র পাস করেছে ৩৯ হাজার ৫১৫ জন এবং ছাত্রী পাস করেছে ৩১ হাজার ৫৮৫ জন। ছাত্রের পাসের হার ৬২ দশমিক ৮৫ শতাংশ এবং ছাত্রীর পাসের হার ৫৮ দশমিক ৫৬ শতাংশ।

বরিশাল বোর্ড : বরিশাল বোর্ডে সর্বমোট ৫১ হাজার ১৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ২৫ হাজার ৯২০ জন। এ বোর্ডের পাসের হার ৫০ দশমিক ৬৭ শতাংশ। গত বছর এ বোর্ডে পাসের হার ছিল ৫৯ দশমিক ৩০ শতাংশ। উত্তীর্ণের মধ্যে

পৃষ্ঠা : ২ : ক : ৮